

জাতীয় ক্রীড়া পরিষদ

৬২/৩ পুরানা পল্টন, ঢাকা-১০০০।

বিষয়: জাতীয় ক্রীড়া পরিষদের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের (Stakeholder) সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি : শেখ হামিম হাসান
পরিচালক (প্রশাসন), জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
তারিখ ও সময় : ১২ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ সকাল ১২:৩০ টা।
স্থান : ভার্চুয়ালি।

সভায় Zoom apps-এ সংযুক্ত সদস্যবৃন্দ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ০১। উপ-পরিচালক, (ঢাকা/সিলেট) বিভাগীয় কার্যালয়, জাতীয় ক্রীড়া পরিষদ।
- ০২। সহকারী পরিচালক (ক্রীড়া/প্রশাসন)-সাধারণ সেবা/সাধারণ প্রশাসন, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
- ০৩। ক্রীড়া সংগঠিকা, জাতীয় ক্রীড়া পরিষদ।
- ০৪। আইন কর্মকর্তা, জাতীয় ক্রীড়া পরিষদ।
- ০৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, জাতীয় ক্রীড়া পরিষদ।
- ০৬। প্রশাসক (সকল)।
- ০৭। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জাতীয় ক্রীড়া পরিষদ।
- ০৮। সাধারণ সম্পাদক, বাংলাদেশ শরীরগঠন ফেডারেশন।
- ০৯। সাধারণ সম্পাদক, ব্যাডমিন্টন ফেডারেশন।
- ১০। সাধারণ সম্পাদক, বাংলাদেশ শ্যাটিং স্পোর্টস ফেডারেশন।
- ১১। সাধারণ সম্পাদক, বাংলাদেশ টেনিস ফেডারেশন।
- ১২। সাধারণ সম্পাদক, বাংলাদেশ হকি ফেডারেশন।
- ১৩। সাধারণ সম্পাদক, বাংলাদেশ জুজুৎসু অ্যাসোসিয়েশন।
- ১৪। সাধারণ সম্পাদক, বাংলাদেশ সেপাক টাকরো অ্যাসোসিয়েশন।
- ১৫। অফিস সুপার, জাতীয় ক্রীড়া পরিষদ।

সভাপতি মহোদয় ভার্চুয়ালি সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে পরিষদের সহকারী প্রোগ্রামারকে সভার কাজ শুরুর জন্য নির্দেশনা প্রদান করেন। এ পর্যায়ে সহকারী প্রোগ্রামার জাতীয় ক্রীড়া পরিষদের বিভিন্ন সেবা সম্পর্কে অবহিত করেন। সভায় এ পর্যায়ে পরিচালক (প্রশাসন) মহোদয় পর্যায়ক্রমে আলোচনায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানান।

আলোচনায় অংশগ্রহণ করে বাংলাদেশ জুজুৎসু অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক অ্যাসোসিয়েশনের কার্যক্রম পরিচালনার জন্য বাজেটে বরাদ্দের এবং অফিস কক্ষের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান।

বাংলাদেশ সেপাক টাকরো অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক আলোচনায় অংশগ্রহণ করেন এবং তিনি অ্যাসোসিয়েশনের কার্যক্রম আরো গতিশীল করার জন্য সুযোগ-সুবিধা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন।

বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশনের সাধারণ সম্পাদক আলোচনায় অংশ নিয়ে বলেন যে, জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক অংশীজনদের সাথে এ সভা আয়োজনের মাধ্যমে ফেডারেশনের কার্যক্রমে আরোও গতি পাবে এবং খেলাধুলা এগিয়ে যাবে।

বাংলাদেশ শ্যাটিং স্পোর্টস ফেডারেশনের প্রতিনিধি আলোচনায় অংশগ্রহণ করে বলেন যে, আমাদের অনেক সীমাবদ্ধতা আছে। তারপরও এই সীমাবদ্ধতার মধ্যে কিভাবে খেলাধুলা এগিয়ে নেয়া যায়, সে বিষয়ে সংশ্লিষ্ট সকলের আন্তরিকভাবে কাজ করা উচিত বলে তিনি মনে করেন। তিনি সকল ফেডারেশন ও অ্যাসোসিয়েশনের সিটিজেনস্ চার্টার থাকা প্রয়োজন বলে মত প্রকাশ করেন।


বাংলাদেশ টেনিস ফেডারেশনের প্রতিনিধি আলোচনায় অংশ নেন এবং তিনি মনে করেন এ ধরনের সভার মাধ্যমে জাতীয় ক্রীড়া পরিষদ ও অংশীজনদের সমন্বয়ে দেশে ও আন্তর্জাতিক পর্যায়ে খেলাধুলা এগিয়ে যাবে এবং সেবা গ্রহীতাগণ সঠিকভাবে সেবা পাবে। সভায় জাতীয় ক্রীড়া পরিষদের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ অংশ নিয়ে তাঁদের সুচিন্তিত অভিমত ব্যক্ত করেন।

বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) যে সকল ফেডারেশন/অ্যাসোসিয়েশন এর কার্যক্রম পরিচালনার জন্য জায়গার সমস্যা রয়েছে, তা সমাধানের নিমিত্ত কার্যকরী উদ্যোগ গ্রহণ করা।

খ) ফেডারেশন/অ্যাসোসিয়েশন এর অনুকূলে বাজেটে বরাদ্দ বৃদ্ধির ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(শেখ হামিম হাসান)
সুপারসচিব
পরিচালক (প্রশাসন)
জাতীয় ক্রীড়া পরিষদ
ফোনঃ ৪১০৫০৫৫১

ই-মেইলঃ hamim_hassan2002@yahoo.com

বিতরণঃ (জাতার্থে/কার্যার্থে)

- ০১। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
- ০২। পরিচালক (ক্রীড়া/পঃ ও উঃ/ অর্থ), জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
- ০৩। মাননীয় চেয়ারম্যানের একান্ত সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
- ০৪। সহকারী পরিচালক (ক্রীড়া/পঃ ও উঃ/প্রশাসন)-
সাধারণ সেবা/সাধারণ প্রশাসন, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
- ০৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
- ০৬। নথি।